ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৪৭৮</u>
আগরতলা, ১ মে, ২০২৫

**রাজভবনে গুজরাট ও মহারাষ্ট্রের**
**পূর্ণরাজ্য দিবস পালিত**




আজ সন্ধ্যায় রাজভবনে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে মহারাষ্ট্র এবং গুজরাট রাজ্যের পূর্ণরাজ্য দিবস পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, বিভিন্ন রাজ্যের পূর্ণরাজ্য দিবস উদযাপনের মাধ্যমে বৈচিত্র্যের মধ্যে ঐক্য এবং জাতীয় সংহতি আরও সুদৃঢ় হয়, যা ২০৪৭ সালের মধ্যে এক ভারত শ্রেষ্ঠ ভারত গঠনে সহায়ক ভূমিকা পালন করবে। রাজ্যপাল বলেন, গুজরাট এবং মহারাষ্ট্র ভারতের অগ্রগতিতে স্তম্ভ স্বরূপ। এই দুই রাজ্যের অনেক মহান ব্যক্তিত্ব দেশ গঠনে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন।

অনুষ্ঠানে রাজ্যে কর্মরত গুজরাট ও মহারাষ্ট্রের প্রখ্যাত ব্যক্তিদের সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে মহারাষ্ট্রের রাকেশ কুমার রামচন্দ্র চিনচোলিকর এবং গুজরাটের জয়েশ তাঙ্ক বক্তব্য রাখেন। রাজ্য সরকারের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****